গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২।
www.dgda.gov.bd

স্মারক নং- ডিজিডিএ/এমএল-২৩৭/২০২৪/ তারিখঃ -----/-----/২০২৬

বরাবর
মেসার্স রিলায়েন্স ফার্মাসিউটিক্যালস লিঃ,
মাষ্টার পাড়া, উত্তরখান, উত্তরা, ঢাকা।

বিষয়: <u>লাইসেন্সভুক্ত সকল ধরণের এন্টিবায়োটিক জাতীয় ঔষধের উৎপাদন ও বাজারজাতকরণ স্থগিত প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাদের ঔষধ উৎপাদন কারখানার উৎপাদন ও মান-নিয়ন্ত্রণের সক্ষমতা যাচাইয়ের লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরের স্মারক নং: ডিজিডিএ/এমএল-২৩৭/২০২৪/৭৬৬২, তারিখ: ০১/০৬/২০২৫ মোতাবেক গঠিত পরিদর্শকদল আপনাদের কারখানা পরিদর্শন করেন। পরিদর্শনকালে আপনাদের কারখানায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার Good Manufacturing Practice (GMP) গাইডলাইনের ব্যত্যয় পরিলক্ষিত হওয়ায় এবং গত পরিদর্শকদল কর্তৃক প্রদত্ত পরামর্শসমূহ বাস্তবায়ন করেননি বিধায় জনস্বার্থ বিবেচনায় আপনাদের লাইসেন্সের অনুকূলে সকল ধরণের এন্টিবায়োটিক জাতীয় ঔষধের উৎপাদন ও বাজারজাতকরণ স্থগিতের জন্য পরিদর্শকদল সুপারিশ করে। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে এই অধিদপ্তরের স্মারক নং: ডিজিডিএ/এমএল-২৩৭/২০২৪/২০৩০২/, তারিখ: ০৭/০২/২০২৫ মোতাবেক আপনাদের প্রতিষ্ঠান বরাবর কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। আপনারা গত ২২/১২/২০২৫ তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন যা সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, পরিদর্শকদলের মতামতের ভিত্তিতে এবং সার্বিক বিষয়াদি ও জনস্বার্থ বিবেচনায় আপনাদের লাইসেন্সের অনুকূলে সকল ধরণের এন্টিবায়োটিক জাতীয় ঔষধের উৎপাদন ও বাজারজাতকরণ স্থগিত করা হলো।

স্বা:
মেজর জেনারেল মোঃ শামীম হায়দার
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
এবং
লাইসেন্সিং অথরিটি (ড্রাগস)
ফোন-০২২২২২-৮০৮০৩
E-mail : dgda.gov@gmail.com

স্মারক নং- ডিজিডিএ/এমএল-২৩৭/২০২৪/ ৯৫৭ তারিখঃ ০৪/০১/২০২৬
অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব ..........................................................উপপরিচালক/সহকারী পরিচালক/ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ পরিদর্শক, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/ জেলা কার্যালয়, ঔষধ প্রশাসন........................।
২। স্থানীয় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (উত্তরখান, উত্তরা), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৩। কম্পিউটার শাখা, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৪। বিজ্ঞাপন শাখা, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৫। ব্লকলিস্ট শাখা, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৬। আর্কাইভ, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর। 04 JAN 2026

CamScanner